

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৫২৩১

আগরতলা, ১৬ মার্চ, ২০২৪

লোকসভা নির্বাচন ২০২৪  
রাজ্য নির্বাচন দপ্তরে বিভিন্ন রাজনৈতিক  
দলের প্রতিনিধিদের নিয়ে বৈঠক

লোকসভার সাধারণ নির্বাচনের নির্ধারিত ঘোষণার পর আজ সন্ধ্যায় রাজ্য নির্বাচন দপ্তরে বিভিন্ন রাজনৈতিক দলগুলির প্রতিনিধিদের নিয়ে এক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে ভোটার তালিকা সম্পর্কিত বিভিন্ন তথ্য, আদর্শ নির্বাচনী আচরণবিধি নিয়ে আলোচনা করা হয়। তাছাড়াও ৭-রামনগর বিধানসভা আসনের উপনির্বাচন নিয়েও বৈঠকে বিস্তারিতভাবে আলোচনা হয়। বৈঠকে অতিরিক্ত মুখ্য নির্বাচন আধিকারিক উসা জেন মগ, অতিরিক্ত মুখ্য নির্বাচন আধিকারিক শুভাশিস বন্দ্যোপাধ্যায়, উপমুখ্য নির্বাচন আধিকারিক সুমন বণিক অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন। অতিরিক্ত মুখ্য নির্বাচন আধিকারিক এস বন্দ্যোপাধ্যায় এক প্রেস রিলিজে এই সংবাদ জানিয়েছেন।

\*\*\*\*\*